করোনা ক্রান্তিকালে নিম্মবিত্ত-মধ্যবিত্তদের ভরসা কি?

‘ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়, পূর্ণিমা চাঁদ যেন ঝলসানো রুটি’। সুকান্ত ভট্টাচার্যের ‘হে মহাজীবন’ কবিতার এই লাইনটি আজ নিম্ববিত্ত-মধ্যবিত্তের চিরচেনা রুপে পরিণত হয়েছে।

চাকরি হারানো, আয় কমে যাওয়া, দ্রব্যমূল্যর লাগামহীন বৃদ্ধিতে দিশেহারা বিশেষ করে নিম্মবিত্ত-মধ্যবিত্তরা। কোভিড-১৯ এর প্রকোপ কমে গেলেও এই ক্রান্তিকালে হারিয়েছে তারা অনেক কিছুই। জীবনযাত্রার ব্যয় বাড়ছেই, কিন্তু আয় বাড়ছে না। আবার অনেকের আয় একেবারেই কমে গেছে। এই পরিস্থিতি যারা ভবিষ্যৎ ভাবনায় যা সঞ্চয় করেছিলেন সেটিও ভাঙতে হচ্ছে। সঞ্চয় ভেঙে নিত্য দিনের সাংসারিক চাহিদা মেটাতেও হিমশিম খাচ্ছেন।

বাংলাদেশে ট্রেড কর্পোরেশন-টিসিবির তথ্য অনুযায়ী, এক বছরে নিত্য প্রয়োজনীয় দ্রব্যগুলোর মধ্যে চালের দাম বেড়েছে ৪৪ শতাংশ, পেঁয়াজের দাম এক মাসে বেড়েছে কয়েকগুণ। টিসিবি মনিটরিং করে ৫২টি পণ্য। তার মধ্যে ৩৫টি পণ্যরই দাম বেড়েছে এক মাসের মধ্যে। যা মানুষের জীবন যাত্রার ব্যয়ের ওপর গুরতর প্রভাব ফেলেছ।

এর মধ্যে আছে এনজিও ও ব্যাংক ঋণের বোঝা। ব্যাংক গুলো করোনাকালে সরকারি নির্দেশ মেনে কিস্তি আদায় বন্ধ রাখলেও এনজিও গুলো চুপিসারে তাদের নিয়োজিত কর্মীবাহিনীদের দিয়ে প্রতিনিয়ত চাপ দিয়ে ঋণের কিস্তি আদায় করেছে। এ ধরণের সংবাদও মাঝে মাঝে বিভিন্ন গণমাধ্যমে প্রকাশ পেতে দেখা গেছে।

এ অবস্থায় নিম্মবিত্ত-মধ্যবিত্তরা তাদের ভবিষ্যৎ নিয়ে শঙ্কায় পড়েছেন। সন্তানদের লেখাপড়া করানো, নিজেদের সাংসারিক চাহিদা মেটানো দুস্কর হয়ে পড়বে। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যর লাগাম টেনে না ধরলে পরিস্থিতি আরো ভয়ানকের দিকে যাচ্ছে এটা বলার অপেক্ষা রাখে না।

সরকারের সংশ্লিষ্ট বিভাগ, স্থানীয় প্রশাসন, বাজার মনিটরিংয়ে দায়িত্ব প্রাপ্তদের এখনই ব্যবস্থা নিতে হবে। বাজার মনিটরিং জোর

দার করতে পারলে অন্তত অল্প আয়ের এসব মানুষগুলো তাদের সাংসারিক চাহিদা মিটিয়ে ভবিষ্যৎ নিয়ে শঙ্কা দূর করতে পারবে।

কুষ্টিয়ায় তাঁতী লীগের শেখ রাসেলের ৫৭ তম জন্মদিন পালন

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৭ তম জন্মদিন উপলক্ষে কুষ্টিয়া জেলা তাঁতী লীগের আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকালে জেলা তাঁতী লীগের কার্যালয়ে আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

জেলা তাঁতী লীগের সভাপতি রুহুল আমিনের সভাপতিত্বে ও সাধারণসম্পাদক হারুন অর রশীদের পরিচালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন সিনিয়র সহসভাপতি সরোয়ার হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক বিপুল হোসেন, সাংগঠনিক সম্পাদক খান শামীম সহ বিভিন্ন নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে দোয়া ও মোনাজাত পরিচালনা করা হয়। পরে কেক কাটা হয়।

এসময় জেলা তাঁতী লীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় পরিত্যক্ত টয়লেট

[redacted]

[redacted] [redacted] [redacted] [

শুক্রবার সন্ধ্যায় চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেন।

মরহুম নওয়াজেশ আলী বিশ্বাস উপজেলার সাফদারপুর ইউনিয়নের বলরামনগর গ্রামের মৃত লাল মোহাম্মাদ বিশ্বাসের ছেলে ও বর্তমান ইউপি চেয়ারম্যান নওশের আলী নাসিরের বড় ভাই। এবং উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলীর বড় মামা । মরহুম নওয়াজেশ আলী ৯০ এর দশকে গোল্ড ম্যাডেল প্রাপ্ত দুইবার নির্বাচিত চেয়ারম্যান। মৃত্যুকালে তিনি স্ত্রী ২ ছেলে ও ৪ মেয়ে সহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

রবিবার বেলা ১১ টায় নিজ গ্রামের ঈদগাহ ময়দানে মরহুমের জানাযা নামাজ শেষে পারিবারিক কবরস্থানে দাফন করা হয় । এসময় উপস্থিত ছিলেন, পৌর মেয়র জাহিদুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, এলাঙ্গী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান খাঁন, কুশনা ইউপি চেয়ারম্যান আব্দুল হান্নান, দোড়া ইউপি চেয়ারম্যান কাবিল উদ্দীন, সাবেক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোয়াবিয়া হুসাইন,বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক সহ স্থানীয় ইউপি সদস্য, আ.লীগ ও অঙ্গসংগঠনের নেতা-কর্মী এবং বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও নানা শ্রেণী পেশার মানুষ।

এদিকে সাবেক ইউপি চেয়ারম্যান নওয়াজেশ আলীর মৃত্যুতে গভীর শোক ও শোকাহত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল।

রামনগর ফুটবল টুর্নামেন্টে ৩য় কোয়ার্টার ফাইনালে রামনগর একাদশ জয়ী

মেহেরপুরের মুজিবনগর উপজেলার জনকল্যাণ যুব সমিতি রামনগর এর উদ্যোগে রামনগর ফুটবল খেলার মাঠে অনুষ্ঠিত রামনগর ফুটবল টুর্নামেন্টে ৩য় কোয়ার্টার ফাইনাল খেলায় রামনগর একাদশ জয়লাভ করেছে।

রবিবার বিকালে অনুষ্ঠিত খেলায় রামনগর একাদশ ৩-০ গোলে গাড়াডোব একাদশকে পরাজিত করে। রামনগর একাদশের ৭ নং জার্সি পরিহিত দলীয় অধিনায়ক পেনাল্টিতে একটি, ৯ নং জার্সি পরিহিত রিজন একটি, ১০নং জার্সী পরিহিত সাব্বির ১টি গোল করেন। রামনগর একাদশের মিডফিল্ডার তাইবুর ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হন।

উক্ত খেলায় মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা প্রধান অতিথি হিসেবে উপস্থি থেকে খেলাটি উদ্বোধন করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান শফিকুল ইসলাম মোল্লা।

এ সময় খেলা পরিচালনা কমিটির সভাপতি মোনাজাত মোল্লা, সহ- সভাপতি আজিবার রহমান, সাধারণ সম্পাদক কৌশিকুল ইসলাম রুমি যুগ্ন সম্পাদক রবিউল ইসলাম, ক্রীড়া সম্পাদক হেলাল উদ্দীন, অর্থ সম্পাদক দেলোয়ার হোসেনসহ কমিটির সদস্যবৃন্দ উপস্থি ছিলেন। খেলাটি পরিচালনা করেন রেফারি সোহেল সহকারি হিসেবে ছিলেন জাহাঙ্গীর এবং রাসেল। ধারা ভাষ্যকার হিসেবে ছিলেন শামিম শিশির।

আগামী কাল সোমবার ফারুক লাইব্রেরী এন্ড বল্লভপুর মর্নিং একাদশ বনাম নাজিরাকোনা একাদশ মুখোমুখী হবে।

প্রেমিকার নালিশে নতুন বউ ঘরে রেখে থানায় বাসর

বিয়ে করে নতুন বউ ঘরে রেখেই হাজতে রাত কাটাতে হল আলমডাঙ্গার গোবিন্দপুর গ্রামের সাজুকে। প্রেমিকা সাজুকে স্বামী হিসেবে না পেলেও মামলা ঠুকে দিয়ে থানায় বাসর করিয়ে ছাড়লো প্রেমিককে। শনিবার ও রবিবার দুইদিন কাল বৈশাখী ঝড় বয়ে যায় মোটর মেকানিক সাজুর শরীরের ওপর দিয়ে।

জানা গেছে, পৌরসভার গোবিন্দপুর গ্রামের দোয়ারপাড়ার মোটর মেকানিক সাজুর সাথে প্রতিবেশী এক তরুণীর প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। সাজু তাদের প্রেম পর্বকে দীর্ঘায়িত করতে চাইলেও প্রেমিকা

বিয়ের জন্য চাপ দিচ্ছিল। সাজু বিয়েতে রাজি হচ্ছিল না। বরং তাকে অন্য কোথাও বিয়ে দিতে মেয়ে দেখাশোনার কাজ করছিল সাজুর পরিবার। ঘটনা টের পেয়ে যায় প্রেমিকা। সে কালক্ষেপন না করে গত শুক্রবারে বিয়ের দাবিতে সাজুর বাড়িতে গিয়ে উঠে পড়ে। বিপাকে পড়ে যায় সাজুর পরিবার।

এক পর্যায়ে বুঝিয়ে শুনিয়ে রাজি করিয়ে প্রেমিকাকে আপাতত তার পিতার বাড়িতে পাঠিয়ে দেয় সাজুর পরিবার। এবং পরদিন শনিবারে চুপিসারে পার্শ্ববর্তী ফরিদপুর গ্রামে বিয়ে করে ফেলে সাজু। বিয়ে করে নতুন বউকে ঘরেও নিয়ে আসে সে। বিয়ে চুপিসারে হলেও ঘটনা প্রেমিকার কানে গিয়ে পৌঁছে যায়। সে আর চুপ থাকে না। নালিশ করে পুলিশকে।

পুলিশ প্রেমিকার নালিশ পেয়ে তৎক্ষনাৎ সাজুকে ধরে আনে থানায়। সাজুর কিছুই করার ছিল না। নতুন বউকে ঘরে রেখে সাজুকে বাধ্য হয়েই থানায় রাত কাটাতে হয়।

এদিকে, গ্রামের সুশিল সমাজের নেতৃবৃন্দ ঘটনাটির একটি সুন্দর সমাধান টানার চেষ্টা করছেন বলে জানা গেছে। তারা দুই পক্ষের মধ্যে একের পর এক কথা চালাচালি করে সমাধানের দিকে এগিয়ে যাচ্ছেন বলেও জানিয়েছেন প্রতিবেশীরা। রবিবার রাত পর্যন্ত সমাধান হয়নি। সাজু থানা হাজত থেকে বেরুনোর অপেক্ষা করছে। নতুন বউ ঘরে বসে স্বামীর জন্য অপেক্ষা করছে। আর প্রেমিকা সাজুকে বাসর করতে না দিয়ে খুশি কিনা তা জানা যায়নি।

ঝিনাইদহ সাগান্না ইউনিয়নে শেখ রাসেলের জন্মদিন উৎযাপিত

ঝিনাইদহ সদর উপজেলার সাগান্না ইউনিয়ন আওয়ামী-যুবলীগের উদ্যোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৭ তম জন্মদিন পালন করা হয়েছে।

রবিবার সন্ধ্যা ৭ টায় সাগান্না ইউনিয়ন আওয়ামী যুবলীগের উদ্যোগে ইউনিয়ন আওয়ামী লীগ কার্যালয়ে শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে

আলোচনা সভা ও দোয়ার অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাগান্না ইউনিয়ন যুবলীগের সভাপতি শেখ রুহুল আমিন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শেখ মো: মোজাম্মেল হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মো: শাহীন রেজা সাঈদ।

এছাড়াও উপস্থিত ছিলেন, সাগান্না ইউনিয়ন ওয়ার্ড আওয়ামী লীগের নেতৃবৃন্দ, যুবলীগ, ছাত্রলীগ, কৃষকলীগ, সে¦চ্ছাসেবকলীগ সহ অন্যান্য অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

আরও উপস্থিত ছিলেন, ৩ নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি সাইফুল ইসলাম (ভারপ্রাপ্ত) ও সাধারণ সম্পাদক, সিরাজুল ইসলাম(ভারপ্রাপ্ত),৪ নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি ও ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক, মোখলেসুর রহমান শিলু (ভারপ্রাপ্ত) ও সাধারণ সম্পাদক, আলিমদ্দিন, ৫ নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি আ: মান্নান ও সাধারণ সম্পাদক, শাহাদাৎ হোসেন সদা, ৬ নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি, আ: সামাদ ও সাধারণ সম্পাদক, হারুন পাঠান, ৮ নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি, আকরাম মালিতা (ভারপ্রাপ্ত) ও সাধারণ সম্পাদক, কাঈয়ুম মোল্লা, ৯ নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি, সনজের আলী বিশ্বাস ও সাধারণ সম্পাদক, আরিফ সর্দার।

এছাড়াও আরও উপস্থিত ছিলেন সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগ সহ: সভাপতি, জহর মিয়া, সাংগঠনিক সম্পাদক মো: নাজমুল হক তুরফি, যুগ্ম সাধারণ সম্পাদক, গাজী আবদুল হালিম, সহ সাংগঠনিক সম্পাদক, আকবর হোসেন।

সাগান্না ইউনিয়ন কৃষক লীগ সাবেক সাধারণ সম্পাদক, আমির হোসেন। সাগান্না ইউনিয়ন কৃষক লীগ সাবেক সভাপতি রফিকুল ইসলাম উজ্জ্বল সহ অন্যান্য নেতৃবৃন্দ।

এছাড়াও উপস্থিত ছিলেন, সাগান্না ইউনিয়ন যুবলীগের যুগ্ম-আহবায়ক মো: ফজলু করিম ইউনিয়ন যুবলীগ নেতা মোহাম্মদ আলী, জাহাঙ্গীর আলম সহ অন্যান্য নেতৃবৃন্দ।

অনুষ্ঠানটি পরিচালক করেন, ইউনিয়ন যুবলীগের যুগ্ম আহবায়ক মো: ফজলু করিম।

ঝিনাইদহে শিক্ষানবিশ আইনজীবীদের মানববন্ধন

ঝিনাইদহে শিক্ষানবিশ আইনজীবীরা ৪ দফা দাবি আদায়ে মানববন্ধন কর্মসূচি পালন করেছে। আইনজীবী সনদ অধিকার আন্দোলন জেলা শাখার আয়োজনে রোববার সকালে শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচি পালিত হয়।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতাকর্মীসহ শিক্ষানবিশ আইনজীবীরা অংশ নেয়। এসময় আইনজীবী সনদ অধিকার আন্দোলন জেলা শাখার আহ্বায়ক মশিয়ার রহমান, কেন্দ্রীয় সম্পাদক সুজন বিপ্লব, শিক্ষানবিশ আইনজীবী শফিকুল ইসলাম শিমুল, আবু তোয়াব অপু, কাজী দবরুল আলম শাহিন, সোহেলী আক্তার, তাসলিমা লাকি, পারুলা খাতুনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

এসময় বক্তারা, জটিল, সময়সাপেক্ষ ও হয়রানিমূলক তিন ধাপের পরীক্ষার নামে ছাঁটাই প্রক্রিয়া বাতিল, ন্যুনতম শিক্ষানবিশ ভাতা নির্ধারণ ও সংশ্লিষ্ট আইনজীবী সমিতির মাধ্যমে প্রাপ্তি নিশ্চিত করাসহ ৪ দফা দাবি বাস্তবায়নের দাবি জানান।

কালীগঞ্জে মাদকসহ দুই মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার শ্রীরামপুর এলাকায় অভিযান চালিয়ে ৮৫ বোতল ফেনসিডিলসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাব-৬। শনিবার সন্ধ্যায় তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন, কালীগঞ্জ উপজেলার চাপালী গ্রামের মৃত ফকির আহমেদ

মন্ডলের ছেলে ইয়ানুর হোসেন ও জীবননগর কোর্টপাড়া এলাকার মৃত নওশের আলীর ছেলে মিকাইল হোসেন।

সিপিসি-২, ঝিনাইদহ র্যাব-৬ এর কোম্পানী কমান্ডার অতিরিক্ত পুলিশ সুপার মো: কামাল উদ্দিন জানান, গোপন সংবাদের ভিত্তিতে কালীগঞ্জ উপজেলার শ্রীরামপুর থেকে চাপালী সড়কে অভিযান চালিয়ে দুই মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

এ সময় তাদের কাছ থেকে ৮৫ বোতল ফেনসিডিল, ৩টি মোবাইল সেট ও ৬টি সিম কার্ড উদ্ধার করা হয়েছে।

আটকের পর তাদের কালীগঞ্জ থানায় হস্তান্তর করা হয় এবং তাদের বিরুদ্ধে কালীগঞ্জ থানায় মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে।

গাংনীতে বিয়ের প্রলোভনে দেহভোগের অভিযোগে থানায় মামলা

বিয়ের প্রলোভনে দেহভোগের অভিযোগে মেহেরপুরের গাংনী থানায় ধর্ষণের মামলা হয়েছে প্রেমিকবর জাকির হোসেনের বিরুদ্ধে। রোববার সকালে ওই প্রেমিকা থানায় উপস্থিত হয়ে মামলাটি দায়ের করেন। তাকে ডাক্তারী পরীক্ষার জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে। ঘটনাটি গাংনীর করমদি গ্রামের।

মামলার বিবরণে জানা গেছে, করমদি গ্রামের ছলিমুদ্দীন মোল্লার ছেলে জাকির হোসেন তেঁতুলবাড়িয়া গ্রামের ওই মেয়েকে বিয়ের প্রলোভন দিয়ে করমদি গ্রামে এক বাড়িতে নিয়ে আসে।

গত ১৭ অক্টোবর রাতে জাকির ওই মেয়েটিকে জনৈক সফিউলের বাঁশবাগানে নিয়ে দেহভোগ করে। সকালে বিয়ের জন্য চাপ দিলে মেয়েটিকে রেখে জাকির হোসেন পালিয়ে যায়।

বিষয়টি জাকিরের পরিবারকে জানিয়ে কোন সুরাহা না হওয়ায় রোববার

গাংনী থানায় মেয়েটি বাদী হয়ে একটি ধর্ষণ মামলা দায়ের করেন।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, একটি ধর্ষণ মামলা নেয়া হয়েছে এবং মেয়েটিকে ডাক্তারী পরীক্ষার জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালে প্রেরণ করা হয়েছে। সেই সাথে দোষীকে গ্রেপ্তারের চেষ্টা চলছে।